

অদ্য ০৬/০৫/২০১৭ ইং রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ত্রিশাল ট্রেনিং সেন্টারে সংস্থার নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে মাসিক মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং এ যে সকল বিষয়ে আলোচনা করা হয় এবং যে সকল বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় তা ক্রমানুসারে নিম্নে উল্লেখ করা হলো।

- ব্যাংকের অলস টাকা বিতরণ প্রসংগে : ব্যাংকে পরে থাকা অলস টাকা কিভাবে তিরন করা হবে সেই ব্যাপারে নির্বাহী পরিচালক মহোদয় বি.এম. দের নিকট জবাব দিহিতা চান।
- বকেয়া আদায় প্রসংগে : এপ্রিল ২০১৭ ইং ক্লোজিং পর্যন্ত যে পরিমান বকেয়া ফিল্ডে আছে তা কি ভাবে আদায় করা হবে সেই ব্যাপারে নির্বাহী পরিচালক মহোদয় বি.এম. দের নিকট জবাব দিহিতা চান।
- চলতি ঋণ বৃদ্ধি প্রসংগে : শাখায় চলতি ঋণ কিভাবে বৃদ্ধি করা যায় সেই ব্যাপারে নির্বাহী পরিচালক মহোদয় বি.এম. দের নিকট জবাব দিহিতা চান।
- অডিট রিপোর্টের জবাব ফরমেট : অডিট রিপোর্টের জবাব প্রদানের জন্য ফরমেটের ব্যাপারে আলোচনা করা হয়।
- পিকেএসএফ এর ডি.ডি. প্রদান : পিকেএসএফ এর ডি.ডি প্রদান প্রসংগে আলোচনা করা হয়।
- ঋণ সমন্বয়ের দিন ডিপিএস এবং বিশেষ সঞ্চয় ক্লোজ প্রসংগে : ঋণ সমন্বয়ের দিন ডিপিএস এবং বিশেষ সঞ্চয় অবশ্যই ক্লোজ করতে হবে। যদি পূর্বে কোন সমন্বয়কৃত সদস্যর ডিপিএস এবং বিশেষ সঞ্চয় ক্লোজ না করা হয় তা হলে চলতি সপ্তাহের মধ্যে ক্লোজ করতে হবে।
- প্রতিশ্রুতি মিল করন : যদি কোন শাখায় সঞ্চয়ের সুদ প্রতিশ্রুতি গড়মিল থাকে তবে মে/২০১৭ ইং ক্লোজিং এ গড়মিল গুলো মিল করতে হবে।
- মাঠ পরিকল্পনা : শাখা পর্যায়ে মাঠ পরিকল্পনা অবশ্যই সংরক্ষন করতে হবে এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা হয়।
- ঋণ পশিোধের পর চেক ফেরত প্রসংগে : সদস্যর ঋণ পশিোধ হলে তাহার চেক ফেরত দিতে হবে। চেক ফেরত দেওয়ার ব্যাপারে গুরত্ব দেওয়ার জন্য বি.এম দের পরামর্শ দেওয়া হয়।
- অডিট, মটরিং ও ডিপিএস অফিসারদের বক্তব্য : শাখা পদিশনে প্রাপ্ত ফাইন্ডিং নিয়ে অডিট অফিসার, মটরিং অফিসার ও ডিপিএস অফিসার গন বক্তব্য মতামত পেশ।
- বকেয়া থেকে বেরিয়ে আসার প্রসংগে : বকেয়া থেকে বেরিয়ে আসার ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহন করা যায় সেই বিষয়ে ডিডি(এমএফ) মহোদয় বিস্তারিত আলোচনা করেন।
- আর্থিক অনিয়মের কারন : আর্থিক অনিয়মের কারন শম্পর্কে ডি.ডি.(এম.এফ.) মহোদয় বিস্তারিত আলোচনা করেন। এছাড়া কোন কারনে ছোট খাটো আর্থিক অনিয়ম সংঘটিত হচ্ছে তার উৎস খুজে বের করার ব্যাপারে বি.এম. ও এ.এম. দের প্রতি দয়িত্ব প্রদান করেন।
- বকেয়া ঋণ আদায়ের টীম ওয়ার্ক প্রসংগে : বকেয়া ঋণ আদায়ের টীম ওয়ার্ক প্রসংগে যে সকল পরামর্শ দেওয়া হয় তা নিচে দেওয়া হল।
 ১. যে সকল সমিতিতে বকেয়া আছে সে সকল সমিতির বকেয়া সদস্যের সাথে যোগাযোগ করার জন্য সি.ও. দের কে প্রতিদিন পরামর্শ দিতে হবে এবং যোগাযোগ করেছে কিনা তার জবাব দিহিতা নিতে হবে।
 ২. টীম ওয়ার্ক করার আগের দিন বকেয়া সদস্যদের কে অবগত করতে হবে।
 ৩. বকেয়া সদস্যদের সাথে শম্পর্ক উন্নয়ন ও যোগাযোগের মাধ্যমে বকেয়া আদায় করতে হবে।
 ৪. প্রতি সপ্তাহে ২-৩ দিন বকেয়া আদায়ের টীম ওয়ার্ক করতে হবে।
- ঋণ বিতরণ পরিকল্পনার তথ্য : আগামী ০৭/০৫/২০১৭ ইং তারিখে ঋণ বিতরণ পরিকল্পনার তথ্য প্রতি শাখা থেকে এ.এম. এর মাধ্যমে ডি.ডি.(এম.এফ.) বরাবর জমা দিতে হবে।
- সমন্বয়কৃত সদস্যদের মাঝে ঋণ বিতরণ : সমন্বয়কৃত সদস্যদের নামে ঋণ থাক অবস্থায় উক্ত সদস্যর নামে কোন ক্রমে ঋণ বিতরণ করা যাবে না অথবা সদস্যকে পুনরায় ভর্তি করা যাবে না।



- পূর্ব অনুমোদন বিহীন ঋণ বিতরণ : ঋণের পূর্ব অনুমোদন ছাড়া কোনক্রমে ঋণ বিতরণ করা যাবে না। যদি এর ব্যতিক্রম হয় তবে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঋণী যাচাই প্রসঙ্গে : ঋণী যাচাই প্রসঙ্গে ডি.ডি.(এম.এফ.) স্যার বিস্তারিত আলোচনা করেন এবং ঋণী যাচাইয়ের ব্যাপারে গুরুত্ব দেওয়ার জন্য পরামর্শ প্রদান করেন।
- অনুমোদন বিহীন ঋণ বিতরণ প্রসঙ্গে : কোন ক্রমেই অনুমোদন বিহীন ঋণ বিতরণ করা যাবে না। অনুমোদন বিহীন ঋণ বিতরণের প্রমাণ পাওয়া গেলে উক্ত বি.এম. এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বি.এম কতৃক ক্যাশ বহি যাচাই ও স্বাক্ষর করা : প্রতিদিনের লেনদেন শেষে অবশ্যই বি.এম ক্যাশ বহি যাচাই করে স্বাক্ষর করবে।
- সমিতি পরিদর্শন : সমিতি পরিদর্শনের ক্ষেত্রে অবশ্যই বি.এম. কে গুরুত্ব দিতে হবে। সমিতি পরিদর্শনের সময় সমিতির পাশবই সহ সকল কিছু গুরুতব সহকারে যাচাই করতে হবে।
- দুর্বল কর্মী সম্পর্কে : শাখা পর্যায়ে দুর্বল কর্মী চিহ্নিত করতে হবে এবং তাদের কাজের মান উন্নয়নের জন্য সহযোগিতা করতে হবে।
- এম.আই.এস. অফিসার কতৃক সমিতি পরিদর্শন : এম.আই.এস. অফিসার কতৃক সমিতি পরিদর্শন সম্পর্কে আলোচনা করা হয়। প্রতি মাসে একজন এম.আই.এস. অফিসার কে ১২টি সমিতি পরিদর্শন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
- অডিট অফিসার ও এ.এম. দের মিটিং : অডিট অফিসার ও এ.এম. দের মিটিং, ট্রেনিং আগামী মাসে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

সর্বশেষ সভাপতি সাহেব সকলের সুস্বাস্থ্য ও সংস্থার কর্মসূচীর সমৃদ্ধি কামনা করে, সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে



লায়ন আলহাজ্ব মোঃ আবদুর রশিদ
নির্বাহী পরিচালক
আসপাড়া পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশন